NOV. 15 2001

পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

### সংবাদ সম্মেলনে ঢা.বির নতুন ভিসি

# আমি পুলিশ নই, সন্ত্রাসী পাকড়াও করা আমার কাজ নয়

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী বলেছেন, রাজনৈতিকভাবে নির্বাচিত হলেও বর্তমানে উপাচার্য হিসেবে আমার কাছে এখন ছাত্রলীগ-ছাত্রদল বলে কিছু নেই। দল মতের উর্ধ্বে উঠে আমি এখন কাজ করবো। সন্ত্রাসী যে দলেরই হোক না কেন, প্রমাণের ভিত্তিতে তার যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

তবে তিনি বলেন, আমি পুলিশ নই, শিক্ষক। সন্ত্রাসীদের পাকড়াও করা আমার কাজ নয়। আমি পুলিশকে বড়ো জোর ইনফর্ম করতে পারি।

নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী গতকাল তার কার্যালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন পত্রিকার সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে এ কথা বলেন।

অধ্যাপক আনোয়ার উল্লাহ বলেন, তার নিয়োগ নিয়ে আইনগত জটিলতা নেই। বৈধভাবেই তাকে নিয়োগ দেওয়া হয়েছে। প্রচলিত আইন অনুযায়ী তাকে উপাচার্য পদে নিয়োগ দেওয়া হয়েছে। উদাহরণ টেনে অধ্যাপক আনোয়ার উল্লাহ বলেন, এর আগেও ঢা.বির সাবেক উপাচার্য আব্দুল মান্নান, মিঞা মনিরুজ্জামান এবং এমাজউদ্দীনকে ১১(২) ধারায় নিয়োগ দেওয়া হয়েছে।

আপনাকে যেভাবে নিয়োগ দেওয়া হয়েছে সেটাকে অনৈতিক মনে করেন কিনা? সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে তিনি বলেন, মোটেই নয়।

অধ্যাপক আনোয়ার উল্লাহ বলেন, পরবর্তী সময়ে সিনেট নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে উপাচার্যের প্যানেল তৈরির ব্যবস্থা গ্রহণ করা হবে। সেখানে আমি নির্বাচিত হতে পারি আবার নাও হতে পারি।

ডাকসু এবং হল সংসদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে তিনি যথা শিগগিরই ব্যবস্থা নিবেন বলে সাংবাদিকদের উল্লেখ করেন। তিনি বলেন, হল দখলের কালচারের বিরুদ্ধে আমি কাজ করতে চাই। হলে হলে সহাবস্থানের পরিবেশ ফিরিয়ে আনতে চাই।

তিনি দৃঢ়কণ্ঠে ঘোষণা দেন, যে কোনো উপায়ে সন্ত্রাসী নির্মূল করা হবে বিশ্ববিদ্যালয় থেকে। গত ৫ বছরে বিশ্ববিদ্যালয়ে সংঘটিত বিভিন্ন অনিয়ম, দুর্নীতির বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি উল্লেখ করেন।